হোওয়া আন্‌শাআকুন্ মেনাল্-আর্‌দে অছ্‌তা'-মারাকুম্ ফী-হা ফাছ্‌তাগ্‌ফেরূহো

তিনিই তোমাদিগকে মৃত্তিকা হইতে তৈরী করিয়া দাঁড় করিয়াছেন এবং তোমাদিগের বসবাস দিয়াছেন উহাতে অতএব তোমরা তাঁহারই নিকটে (তোমাদের কৃত পাপের) ক্ষমাপ্রার্থী হও

ثُمَّ تُوبُوا إِلَيْهِ ۚ إِنَّ رَبِّي قَرِيبٌ مُّجِيبٌ ۝ قَالُوا يَا صَالِحُ

ছোম্মা তূ-বূ— এলায়্‌হে, ইন্‌না রাব্বী ক্বারীবোম্-মোজ্বীব। ক্বা-লূ ইয়্যা-ছা-লেহো

পুনশ্চ (আগামীতে তাঁহারই হুজুরে তাওবাহ কর, নিঃসন্দেহ আমার পালনকারী (প্রত্যেকেরই) নিকটে রহিয়াছেন (অর্থাৎ সকলের কথা শুনেন এবং) দোআ কবুল করেন। উহারা বলিল—হে ছলেহ্ !

قَدْ كُنتَ فِينَا مَرْجُوًّا قَبْلَ هَٰذَا ۖ أَتَنْهَانَا أَن نَّعْبُدَ

ক্বাদ্ কোন্তা ফী-না- মার্‌জুওয়ান্ ক্বাব্‌লা হা-জা— আতান্‌হা-না— আন্-না'-বোদা

নিশ্চয় ইহার অগ্রে তো আমাদের মধ্যে তোমার নিকটে (বড় বড়) আশা করা যাইত (যে তুমি নর্ম্ম রকমে আমাদের সঙ্গী থাকিবে) তুমি কি আমাদিগকে নিষেধ করিতেছ তাহাদের (অর্থাৎ সেই মা'বুদগণের) পূজা (করা) হইতে .

مَا يَعْبُدُ آبَاؤُنَا وَإِنَّنَا لَفِي شَكٍّ مِّمَّا تَدْعُونَا إِلَيْهِ

মা- য়্যা'বোদো আ-বা—ওনা- অইন্‌নানা- লাফী শাক্কেম্ মেম্‌মা তাদ্‌উনা— এলায়্‌হে

যাহাদিগকে আমাদের পিতৃপুরুষগণ পূজা করিয়া আসিয়াছে আর আমরা তো তাহার সম্বন্ধে খুবই সন্দেহের মধ্যে (পড়িয়া) রহিয়াছি যাহার (অর্থাৎ যে-দীনের) দিকে তুমি আমাদিগকে আহ্বান

مُرِيبٍ ۝ قَالَ يَا قَوْمِ أَرَأَيْتُمْ إِن كُنتُ عَلَىٰ بَيِّنَةٍ

মোরীব। ক্বালা ইয়্যা-ক্বাওমে আরাআয়্‌তুম্ ইন্ কোন্তো আলা- বায়্যিয়্যেনাতেম্

করিতেছ। (ছালেহ্) উত্তর করিল—ভ্রাতৃগণ ! তোমরা দেখিয়াছ কি—যদি আমি সুস্পষ্ট পথের উপর থাকি

مِّن رَّبِّي وَآتَانِي مِنْهُ رَحْمَةً فَمَن يَنصُرُنِي مِنَ اللَّهِ

মের্‌রাব্বী অআ-তা-নী মেন্‌হো রাহ্‌মাতান্ ফামাইঁয়্যোন্‌ছোরোনী মেনাল্লা-হে

আমার পালনকারীর আর তিনি আমার প্রতি তাঁহার করুণা প্রকাশ করিয়া থাকেন তাহা হইলে (এরূপ) কে আছে যে আল্লার সম্মুখে আমার সাহায্যার্থ দণ্ডায়মান হয়

إِنْ عَصَيْتُهُ ۖ فَمَا تَزِيدُونَنِي غَيْرَ تَخْسِيرٍ ۝ وَيَا قَوْمِ هَٰذِهِ

ইন্ আছায়্‌তোহূ, ফামা- তাযীদূনানী গায়্‌রা তাখ্‌ছীর। অইয়্যা-ক্বাওমে হা-জেহী

যদি আমি তাঁহার অবাধ্যতাচরণ করিতে লাগিয়া যাই, অতএব (এরূপ কু-পরামর্শ দ্বারা) তোমরা (উল্টা) আমার অধিক ক্ষতিই হইতেছে। আর ভ্রাতৃগণ ! এই হইতেছে

نَاقَةُ اللّٰهِ لَكُمْ اٰيَةً فَذَرُوْهَا تَاْكُلْ فِيْٓ اَرْضِ اللّٰهِ

না-কাতোল্লা-হে লাকুম্ আ-য়্যাতান্ ফাজারূহা- তা'-কোল্ ফী— আর্দেল্লা-হে

আল্লার (প্রেরিত) উষ্ট্রী তোমাদের জন্য একটী নিদর্শন অতএব ইহাকে (ইহারই অবস্থার উপর) উদাম থাকিতে দাও যাহাতে আল্লর জামীনে (যথা ইচ্ছা) খাইয়া বেড়ায়

وَلَا تَمَسُّوْهَا بِسُوْٓءٍ فَيَاْخُذَكُمْ عَذَابٌ قَرِيْبٌ ۝ فَعَقَرُوْهَا

অলা-তামাছ্ছূহা- বেছূ—এন্ ফায়্যা'-খোজাকুম্ আজা-বোন্ কারীব। ফাআকারূহা-

আর তোমরা ইহাকে কোনও প্রকারের কষ্ট দিও না অন্যথায় ত্বরিতই তোমাদের (নিকটে) আজাব আসিবে। ফলকথা (এতটা বুঝানো সত্ত্বেও) উহারা তাহার (অর্থাৎ সেই উষ্ট্রীর) পা কাটিয়াছিল

فَقَالَ تَمَتَّعُوْا فِيْ دَارِكُمْ ثَلٰثَةَ اَيَّامٍ ؕ ذٰلِكَ وَعْدٌ غَيْرُ

ফাক্বা-লা তামাত্তাউ ফী দারেকুম্ ছালা-ছাতা আয়্য়্যা-ম্, জা-লেকা অ'-দোন্ গায়্রো

তখন (ছালেহ) বলিল (আচ্ছা) তোমরা তোমাদের গৃহে (আরও) তিন দিবস বসবাস করিয়া লও (তাহার পর তো তোমাদের প্রতি আজাব আসিবেই), ইহা (আল্লার) ওয়াদা রহিয়াছে যাহা (কখনই) খেলাফ

مَكْذُوْبٍ ۝ فَلَمَّا جَآءَ اَمْرُنَا نَجَّيْنَا صٰلِحًا وَّالَّذِيْنَ

মাক্জুব। ফালাম্মা- জা—আ আম্রোনা- নাজ্জায়্না- ছা-লেহাও অল্লাজীনা

হইবে না। তারপর যখন আমার (আজাবের) নির্দ্দেশ আসিয়া পৌঁছিল তখন আমি নাজাত দিলাম ছালেহ্‌কে এবং সেই লোকদিগকে যাহারা

اٰمَنُوْا مَعَهٗ بِرَحْمَةٍ مِّنَّا وَمِنْ خِزْيِ يَوْمِئِذٍ ؕ اِنَّ رَبَّكَ

আ-মানূ মায়াহূ বেরাহ্‌মাতেম্-মেন্না- অমেন খেজ্‌ইয়ে য়্যাও্‌মায়েজেন্, ইন্না রাব্বাকা

উহার সহিত ঈমান আনিয়াছিল নিজের অনুগ্রহে এবং সে-দিবসের নির্য্যাতন হইতে (রক্ষা করিলাম), (হে নবি!) নিঃসন্দেহ তোমার পালনকারী

هُوَ الْقَوِيُّ الْعَزِيْزُ ۝ وَاَخَذَ الَّذِيْنَ ظَلَمُوا الصَّيْحَةُ فَاَصْبَحُوْا

হোঅল্ কাবীইয়্যোল্-আযীয। অআখাজাল্লাজীনা জালামোছ্ ছায়্হাতো ফাআছ্বাহূ

তিনিই মহাপরাক্রান্ত (এবং) বিজয়ী। আর যাহারা জুলুম(-এর কাজ) করিয়াছিল তাহাদিগকে (মহা ভীষণ) বজ্রবাত ধরিয়া বসিল তখন (তাহারা) প্রত্যুষে

فِيْ دِيَارِهِمْ جٰثِمِيْنَ ۙ كَاَنْ لَّمْ يَغْنَوْا فِيْهَا ؕ اَلَآ اِنَّ

ফী দেয়্যা-রেহিম্ জা-ছেমীন। কাআঁল্লাম্ য়্যাগ্‌নাও ফী-হা- আলা— ইন্না

নিজেদের গৃহগুলির মধ্যে (উপবিষ্ট অবস্থায়) উপবিষ্ট রহিয়া গেল—(এবং এরূপ হইয়া দাঁড়াইল যে) যেন (তাহারা) তাহাতে (কখনও) বসবাসই করে নাই, অবহিত হও নিশ্চয়ই

ثَمُوْدَا كَفَرُوْا رَبَّهُمْ ؕ اَلَا بُعْدًا لِّثَمُوْدَ ۠ وَلَقَدْ جَآءَتْ

ছামূদা কাফারূ রাব্বাহুম, আলা- বো'-দাল্-লেছামূদ। ৫ অলাকাদ্ জা—আৎ

ছমূদ নিজেদের প্রতিপালকের অবাধ্যতাচরণ করিয়াছিল (তজ্জন্য উপযুক্ত সাজাও পাইয়াছিল), অবহিত হও ছমূদ (আল্লার নিকট হইতে) ধিৎকারিত হইয়াছে। আর নিশ্চয়ই আসিয়াছিল

৭
৬
৬
রুকু

رُسُلُنَآ اِبْرٰهِيْمَ بِالْبُشْرٰى قَالُوْا سَلٰمًا ؕ قَالَ سَلٰمٌ فَمَا

রোছোলোনা— এব্রাহীমা বেল্-বোশ্‌রা- কা-লূ ছালা-মান্, কা-লা ছালা-মোন্ ফামা-

আমার ফেরেশ্‌তাগণ এবরাহীমের নিকটে সুসংবাদসহ (১৩) তখন তাহারা (এবরাহীমকে) ছালাম করিল, এবরাহীম ছালামের জওয়াব দিল তখন

لَبِثَ اَنْ جَآءَ بِعِجْلٍ حَنِيْذٍ ۝ فَلَمَّا رَاٰۤ اَيْدِيَهُمْ

লাবেছা আন্ জা—আ বেএজ্‌লেন্ হানীজ। ফালাম্মা- রাআ— আয়্‌দেয়্যাহুম্

(এবরাহীম) সঙ্গে সঙ্গেই গো-বৎস (অর্থাৎ গো-বৎসের) ভাজা (গোশ্‌ত উহাদের সম্মুখে) আনিয়া উপস্থিত করিল। অতঃপর যখন (এবরাহীম) দেখিল উহাদের হস্ত

لَا تَصِلُ اِلَيْهِ نَكِرَهُمْ وَاَوْجَسَ مِنْهُمْ خِيْفَةً ؕ قَالُوْا لَا تَخَفْ

লা- তাছেলো এলায়হে নাকেরাহুম্ অআওজাছা মেনহুম্ খী-ফাহ্, কা-লূ লা- তাখাফ্

খাদ্যের দিকে উঠিতেছেই না তখন উহাদের প্রতি কু-ধারণা পোষণ করিল এবং মনে মনে উহাদের হইতে ভয় পাইল, (১৪) উহারা (এবরাহীমকে) বলিল (যে আপনি কোন প্রকার) ভয় করিবেন না

اِنَّآ اُرْسِلْنَآ اِلٰى قَوْمِ لُوْطٍ ۠ وَامْرَاَتُهٗ قَآئِمَةٌ

ইন্না— ওরছেল্‌না— এলা কাওমে লূত্। অম্‌রাআতোহূ কা—এমাতোন্

আমরা ত (ফেরেশ্‌তা) লুতের কওমের দিকে (আল্লাহ কর্ত্তৃক) প্রেরিত হইয়াছি (যাহাতে উহাদিগকে উহাদের কু-কার্য্যাবলীর শাস্তি প্রদান করি)। আর (এই কথোপকথন কালে) এবরাহীমের ভার্য্যা (ছারাহ্)ও দণ্ডায়মান ছিল

فَضَحِكَتْ فَبَشَّرْنٰهَا بِاِسْحٰقَ ۙ وَمِنْ وَّرَآءِ اِسْحٰقَ يَعْقُوْبَ ۝

ফাদাহেকাৎ ফাবাশ্‌শার্‌না-হা বেএছহা-কা অমেঙ্ অরা—এ এছ্‌হা-কা য়্যা'-কূব।

ছারাহ্ (সুগন্ধীদ্বারা সান্ত্বনা প্রদত্ত হইলে) প্রফুল্লিত হইল তখন আমি তাহাকে (সেই ফেরেশতাগণেরই দ্বারা প্রথমতঃ তদীয় পুত্র) এছহাক, এবং এছহাকের পরে (তদীয় পৌত্র) এয়াকুবের (জন্মগ্রহণের) সুসংবাদ দিলাম।

(১৩) এই সুসংবাদের বর্ণনা আগে আসিতেছে।

(১৪) শুনা যায়—ঠগ্‌দিগের নিয়ম হইতেছে এই যে, একবারও যাহার নুন খাইবে, তাহার সহিত দাগাদারী করিবে না। আর যাহার সহিত দাগাদারী করিতে মনস্থ করিবে, তাহার নুন খাইবে না! না খাইবার কারণে হজরত এবরাহীমের, ফেরেশতাদিগের সম্বন্ধে এই প্রকারের সন্দেহ জাগিয়া থাকিবে। কাজেই ফেরেশতাগণ হজরত এবরাহীমের সন্দেহ ভঞ্জন করিল—আমাদের না খাওয়ার কারণ এই হইতেছে যে, আমরা ফেরেশতা।

قَالَتْ يَا وَيْلَتَىٰ ءَأَلِدُ وَأَنَا عَجُوزٌ وَهَٰذَا بَعْلِي شَيْخًا ۖ

কা-লাৎ ইয়্যা-অয়্‌লাতা— আআলেদো অআনা- আজুযোঙ্‌ অহা-জা- বা’-লী শায়্‌খান্‌,

(তখন) ছারাহ বলিল—হায় আমার দুর্ভাগ্য (এই বৃদ্ধ বয়সে) আমার কি সন্তান জন্মিবে আমি ত বুড়ী হইয়া গিয়াছি আর এই (যে) আমার স্বামী (এ-ও ত) বৃদ্ধ

إِنَّ هَٰذَا لَشَيْءٌ عَجِيبٌ ۝ قَالُوا أَتَعْجَبِينَ مِنْ أَمْرِ اللَّهِ ۖ

ইন্‌না হা-জা- লাশায়্‌ওন্‌ আজীব। কা-লূ— আতা’-জাবীনা মেন্‌ আম্‌রেল্‌লা-হে

(এরূপ অবস্থায় আমাদের সন্তান হওয়া) নিঃসন্দেহ ইহা ত (খুবই) তাজ্জবের কথা। (ফেরেশতাগণ) বলিল—তোমার কি আল্লার মহিমা (কোদ্‌রৎ) হইতে (এ-কাজ) তাজ্জব বোধ হইতেছে

رَحْمَتُ اللَّهِ وَبَرَكَاتُهُ عَلَيْكُمْ أَهْلَ الْبَيْتِ ۚ إِنَّهُ حَمِيدٌ

রাহ্‌মাতোল্‌লা-হে অবারাকা-তোহূ আলায়্‌কুম্‌ আহ্‌লাল্‌-বায়্‌তে, ইন্‌নাহূ হামীদোম্‌

হে আহ্‌লে-বায়্‌তে (নবুয়ত !) তোমাদের প্রতি আল্লার রহমত এবং তাঁহার বরকতসমূহ (অবতীর্ণ) হউক, নিঃসন্দেহ আল্লাহ হাম্‌দো(ছানা)র যোগ্যপাত্র

مَجِيدٌ ۝ فَلَمَّا ذَهَبَ عَنْ إِبْرَاهِيمَ الرَّوْعُ وَجَاءَتْهُ الْبُشْرَىٰ

মাজীদ। ফালাম্‌মা- জাহাবা আন্‌ এব্‌রা-হীমার্‌রাওয়ো অজা—আৎহোল্‌ বোশ্‌রা-

(এবং তিনি তাঁহার বান্দাগণের প্রতি) নিরতিশয় অনুকম্পা প্রদর্শনকারী। অনন্তর যখন এবরাহীম(-এর অন্তঃকরণ) হইতে ভয় তিরোহিত হইল এবং তাহাকে (সন্তানের) সুসংবাদ মিলিল

يُجَادِلُنَا فِي قَوْمِ لُوطٍ ۝ إِنَّ إِبْرَاهِيمَ لَحَلِيمٌ أَوَّاهٌ

ইয়োজা-দেলোনা- ফী কাওমে লুত্‌। ইন্‌না এব্‌রা-হীমা লাহালীমোন্‌ আওওয়া-হোম্‌

(তখন এবরাহীম্‌) লাগিল আমার সহিত লুতের কওমের সম্বন্ধে ঝগড়া করিতে। নিঃসন্দেহ এবরাহীম অতিশয় সহনশীল (এবং) অতিশয় করুণ হৃদয় (এবং এবরাহীম প্রত্যেক বিষয়ে) আল্লার দিকে

مُنِيبٌ ۝ يَا إِبْرَاهِيمُ أَعْرِضْ عَنْ هَٰذَا ۖ إِنَّهُ قَدْ جَاءَ

মোনীব। ইয়্যা—এব্‌রা-হীমো আ’-রেদ্‌ আন্‌ হা-জা-, ইন্‌নাহূ কাদ্‌ জা—আ

আত্মনিবদ্ধকারী। (আর বলিলাম যে) হে এবরাহীম (তুমি) এই খেয়াল দূর কর, তোমার প্রতিপালকের (যে) হুকুম (ছিল, তাহা)

أَمْرُ رَبِّكَ ۖ وَإِنَّهُمْ آتِيهِمْ عَذَابٌ غَيْرُ مَرْدُودٍ ۝ وَلَمَّا

আম্‌রো রাব্বেক’ অইন্‌নাহুম্‌ আ-তীহিম্‌ আজা-বোন্‌ গায়্‌রো মার্‌দূদ। অলাম্‌মা-

আসিয়া গিয়াছে, এবং উহাদের প্রতি এরূপ আজাব আসিতেছে যাহা (কোনও রকমে) টলিতে পারে না। আর যখন

جَاءَتْ رُسُلُنَا لُوطًا سِيءَ بِهِمْ وَضَاقَ بِهِمْ ذَرْعًا وَّقَالَ

জ্বা—আৎ রোছোলোনা- লূতান্ ছী—আ বেহীম্ অদাক্বা বেহিম জার্আঙ্ অক্বা-লা

আমার ফেরেশ্তাগণ লুতের নিকটে পৌঁছিল (তখন লুত) তাহাদের প্রতি অসন্তুষ্ট হইল (১৫) এবং ফেরেশতাগণের (আগমনের) প্রতি (লুত) মন ছোট করিল এবং বলিতে লাগিল যে

هٰذَا يَوْمٌ عَصِيبٌ ۝ وَجَاءَهُ قَوْمُهُ يُهْرَعُونَ إِلَيْهِ ط وَمِنْ

হা-জা- য়্যাও্মোন্ আছীব। অজ্বা—আহূ ক্বাও্মোহূ ইয়োহরাউনা এলায়্হে, অমেন্

ইহা (অর্থাৎ অদ্যকার দিবস) ত অত্যন্ত ভয়ঙ্কর দিবস। এবং লুতের কওমের লোক (সুশ্রী ছেলেদের আগমন-বার্ত্তা শুনিয়া তাহাদের সহিত কু-কার্য্যের অভিপ্রায়ে) দৌড়িয়া দৌড়িয়া লুতের নিকটে আসিয়া পৌঁছিল, আর ইহারা

قَبْلُ كَانُوا يَعْمَلُونَ السَّيِّاٰتِ ط قَالَ يٰقَوْمِ هٰٓؤُلَاءِ

ক্বাব্লো কা-নূ য়্যা'-মালুনাছ্ছায়্ইয়েআ-ত্, ক্বা-লা ইয়া-ক্বাও্মে হা—উলা—এ

পূর্ব্ব হইতে ত দুষ্কার্য্য করিতই, (লুত যখন যুবক ছেলেদিগকে আসিতে দেখিল তখন) বলিল যে ভ্রাতৃগণ! এই যে

بَنَاتِي هُنَّ أَطْهَرُ لَكُمْ فَاتَّقُوا اللّٰهَ وَلَا تُخْزُونِ فِي ضَيْفِي ط

বানা-তী হোন্না আৎহারো লাকুম্ ফাত্তাকোল্লা-হা অলা- তোখ্যূনে ফী দয়্ফী,

আমার কন্যাগণ রহিয়াছে (ইহাদিগকে তোমরা বিবাহ করিয়া লও) ইহারা তোমাদের জন্য (হালাল এবং) পরম পবিত্র তোমরা (এই ছেলেদের দিকে দৃষ্টিপাত করিও না) আল্লাকে ভয় কর এবং আমার মেহ্মানদিগের সম্বন্ধে আমাকে লজ্জিত করিও না,

---

أَلَيْسَ مِنْكُمْ رَجُلٌ رَّشِيدٌ ۝ قَالُوا لَقَدْ عَلِمْتَ مَا لَنَا فِي

আলায়্ছা মেন্কুম্ রাজোলোর্রাশীদ? ক্বা-লু লাক্বাদ্ আলেম্তা মা- লানা- ফী

তোমাদের মধ্যে কি কেহই সৎলোক নাই? উহারা উত্তর করিল যে তোমার ত জানা আছে যে আমাদের ত

بَنَاتِكَ مِنْ حَقٍّ ج وَإِنَّكَ لَتَعْلَمُ مَا نُرِيدُ ۝ قَالَ لَوْ

বানা-তেকা মেন্ হাক্কেন্, অইন্নাকা লাতা'-লামো মা- নোরীদ। ক্বা-লা লাও্

তোমার কন্যাগণের সহিত কোনও প্রকারের সম্বন্ধ নাই, এবং আমাদের ইচ্ছা সম্বন্ধেও (হে লুত!) তুমি বিশেষরূপ জ্ঞাত আছ। (লুত) বলিল (আক্ষেপ আজ) যদি

---

(১৫) এই জন্য যে, ফেরেশ্তাগণ সুশ্রী যুবকের আকৃতি ধরিয়া আগমন করিয়াছিল।

أَنَّ لِي بِكُمْ قُوَّةً أَوْ آوِي إِلَىٰ رُكْنٍ شَدِيدٍ ۝ قَالُوا

আন্না লী বেকুম্ কুওয়াতান্ আও্ আ-ভী— এলা- রোক্‌নেন্ শাদীদ। কা-লূ

আমার তোমাদের বিরুদ্ধতা করিবার শক্তি থাকিত কিম্বা (যদি) আমি কোন জবরদস্ত আশ্রয়ের আশ্রয়গ্রহণে সক্ষম হইতাম। ফেরেশতাগণ বলিল

يَا لُوطُ إِنَّا رُسُلُ رَبِّكَ لَنْ يَصِلُوا إِلَيْكَ فَأَسْرِ

ইয়্যা-লূতো ইন্না- রোছোলো রাব্বেকা লাই-য়্যাছেলূ— এলায়্‌কা ফাআছ্‌রে

হে লুত! আমরা তোমার প্রতিপালকের প্রেরিত ইহারা কখনই তোমার নিকটে পৌছিতে পারিবে না অতএব তুমি

بِأَهْلِكَ بِقِطْعٍ مِنَ اللَّيْلِ وَلَا يَلْتَفِتْ مِنْكُمْ أَحَدٌ

বেআহ্‌লেকা বেক্বেৎএম্ মেনাল্‌লায়্‌লে অলা- য়্যাল্‌তাফেৎ মেন্‌কুম আহাদোন্

নিজের আহাল(আয়াল)কে লইয়া কিছু রাত্রি বাকী থাকিতেই বাহির হইয়া পালাইয়া যাও এবং (তৎপর) তোমাদের মধ্যকার কেহ মুখ ঘুরিয়(ও যেত) না তাকায়

إِلَّا امْرَأَتَكَ ۖ إِنَّهُ مُصِيبُهَا مَا أَصَابَهُمْ ۚ إِنَّ مَوْعِدَهُمُ

ইল্লামরাআতাকা, ইন্নাহু মোছীবোহা- মা— আছা-বাহুম, ইন্না মাওএদা হোমোছ্-

কিন্তু তোমার ভার্য্যা, কারণ (সে না দেখিয়া থাকিবার পাত্র নহে এবং) যাহা (অর্থাৎ যে আজাব) ইহাদের প্রতি নাজেল হওয়ার উপক্রম করিয়াছে তাহা উহারও (অর্থাৎ তোমার ভার্য্যারও) প্রতি নিশ্চয় নাজেল হইবে, উহাদের (প্রতি আজাব নাজেল হওয়ার) নির্দ্দিষ্ট সময় হইতেছে

الصُّبْحُ ۚ أَلَيْسَ الصُّبْحُ بِقَرِيبٍ ۝ فَلَمَّا جَاءَ أَمْرُنَا

ছোব্‌হো, আলায়্‌ছাছ্‌ছোব্‌হো বেক্বারীব। ফালাম্মা- জা—আ আম্‌রোনা-

ভোরের বেলা, ভোর কি নিকটবর্ত্তী নয়? তারপর যখন আমার আজাব(এর নির্দ্দেশ আসিয়া পৌছিল

جَعَلْنَا عَالِيَهَا سَافِلَهَا وَأَمْطَرْنَا عَلَيْهَا حِجَارَةً مِنْ

জাআল্‌না- আ-লেয়্যাহা- ছা-ফোলহা- অআম্‌তার্‌না- আলায়্‌হা হেজ্জা-রাতাম্ মেন্

(তখন হে মোহাম্মদ!) আমি (উল্টাইয়া) উহার (অর্থাৎ সেই বস্তীর) উপরের অংশকে তাহার নীচের অংশ করিয়া দিলাম এবং (উপর হইতে) তাহার (অর্থাৎ সেই বস্তির) উপর বর্ষাইলাম প্রেকযুক্ত জমাট বাঁধা

سِجِّيلٍ مَنْضُودٍ ۝ مُسَوَّمَةً عِنْدَ رَبِّكَ ۖ وَمَا هِيَ مِنَ الظَّالِمِينَ

ছেজ্জীলেম্--- মান্‌দুদেম্-মোছাও্‌অমাতান্ এন্দা রাব্বেক, অমা- হেয়্যা মেনাজ্জা-লেমীনা

প্রস্তর, পর পর, যে-গুলির উপর তোমার প্রতিপালকের নিকট (হইতে) নিশান [illegible]রা ছিল (যে এগুলি এই কওমের উপর বর্ষিবে) আর উহা এই জালেম (অর্থাৎ মক্কার কাফের)গণ হইতে

بِبَعِيْدٍ ۞ وَاِلٰى مَدْيَنَ اَخَاهُمْ شُعَيْبًا ؕ قَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ

বেবায়ীদ। ৫ অএলা-মাদ্‌য়্যানা আখা-হুম্ শোআয়্‌ব'-, ক্বা-লা ইয়্যা-ক্বাওমে'-বোদোল্‌লা-হা

দূর(ও) নহে। আর (আমি) মদ্‌য়্যানের দিকে উহাদের (কওমী) ভ্রাতা শোআএবকে (পয়গম্বর করিয়া) পাঠাইয়া ছিলাম—(শোআএব উহাদিগকে) বলিল—ভ্রাতৃগণ! (তোমরা) আল্লারই এবাদৎ কর

৪ ৭/৭ রুকু

مَا لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرُهٗ ؕ وَلَا تَنْقُصُوا الْمِكْيَالَ وَالْمِيْزَانَ

মা লাকুম্ মেন্ এলা-হেন্ গ্বায়রোহু, অলা- আন্‌কোছোল্ মেক্‌য়্যালা অল-মীযা-না

তাঁহার ছাড়া তোমাদের কেহই মা'বুদ নাই, আর তোমরা মাপে ও ওজনে কম করিও না

اِنِّيْٓ اَرٰىكُمْ بِخَيْرٍ وَّاِنِّيْٓ اَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ

ইন্‌নী --আরা-কুম বেখায়রেঙ্, আইন্‌নী--- আখা-ফো আলায়্‌কুম্ আজা-বা য়্যাওমেম্-

আমি তোমাদিগকে স্বচ্ছল অবস্থা দেখিতেছি (অতএব তোমাদের মাপে ও ওজনে কম করিবার কি আবশ্যকতা রহিয়াছে ?) আর এতদ্‌সত্বেও এই কু-রীতি হইতে যদি তোমরা প্রতিনিবৃত্ত না হও তাহা হইলে) আমার তোমাদের সম্বন্ধে (সাধারণ) আজাব-দিবসের ভয় রহিয়াছে

مُّحِيْطٍ ۝ وَيٰقَوْمِ اَوْفُوا الْمِكْيَالَ وَالْمِيْزَانَ بِالْقِسْطِ

মোহীত। অইয়্যা-ক্বাওমে আওফোল্ মেক্‌য়্যা-লা অল্-মীযা-না বেল্-কেছ্‌তে

যে-আজাব (তোমাদের সকলকেই) ঘিরিয়া লইবে। আর ভ্রাতৃগণ! তোমরা মাপ এবং ওজন ন্যায়ভাবে পূর্ণ করিবে

وَلَا تَبْخَسُوا النَّاسَ اَشْيَآءَهُمْ وَلَا تَعْثَوْا فِى الْاَرْضِ مُفْسِدِيْنَ ۝

অলা- তাব্‌খাছোন্‌না ছা আশ্‌ইয়্যা---আহুম্ অলা- তা'-ছাও্ ফেল্-আর্‌দে মোফছেদীন।

এবং লোকদিগকে তাহাদের জিনিষগুলি কম দিবে না আর দেশে কলহ বিস্তার করিয়া বেড়াইও না।

بَقِيَّتُ اللّٰهِ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ۚ وَمَآ اَنَا

বাক্বীয়্যাতোল্‌লা-হে খায়রোল্‌লাকুম্ ইন্ কোন্তুম্ মো'-মেনীন। অমা--- আনা-

আল্লার (দত্ত) যাহা কিছু (কারবারে) উদ্বৃত্ত থাকে তাহাই তোমাদের জন্য উত্তম—যদি তোমরা ঈমান রাখ। আর আমি নহি

عَلَيْكُمْ بِحَفِيْظٍ ۝ قَالُوْا يٰشُعَيْبُ اَصَلٰوتُكَ تَاْمُرُكَ

আলায়্‌কুম্ বেহাফীজ। ক্বা-লূ ইয়্যা-শোআয়্‌বো আছালা-তোকা তা'-মোরোকা

তোমাদের পর্য্যাবেক্ষক (যে প্রত্যেকের মাপ ও ওজন দেখিয়া বেড়াইব)। উহারা বলিল—হে শোআএব! তোমার নামাজ কি তোমাকে (এই) নির্দ্দেশ দেয় যে

أَنْ نَّتْرُكَ مَا يَعْبُدُ اٰبَآؤُنَآ اَوْ اَنْ نَّفْعَلَ فِيْٓ

অন্‌নাৎরোকা মা- য়্যা'-বোদো আ-বা—ওনা—আও আন্ নাফ্‌আলা ফী—

যাহাদিগকে (অর্থাৎ যে-সকল বোৎকে) আমাদের পিতা পিতামহ পূজা করিয়া আসিয়াছে আমরা সে গুলিকে ছাড়িয়া বসি কিম্বা আমরা (তদ্রূপ না) করি

اَمْوَالِنَا مَا نَشٰٓؤُا ط اِنَّكَ لَاَنْتَ الْحَلِيْمُ الرَّشِيْدُ ۝ قَالَ

আম্‌ওয়া-লেন'- মা- নাশা—য়ো, ইন্‌নাকা লাআন্তাল্ হালীমোর্‌রাশীদ। ক্কালা

নিজেদের ধন-দওলতের যদ্রূপ (ব্যয় করা) উচিত!—(সত্য শোআএব সত্য—) তুমিই ত (মা'-মেলা সম্বন্ধে অতি) সরলচেতা (এবং সততাপ্রিয় থাকিয়া গিয়াছ! (১৬) (শোআএব) বলিল—

يٰقَوْمِ اَرَءَيْتُمْ اِنْ كُنْتُ عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّيْ وَرَزَقَنِيْ

ইয়্যা-ক্কাও্‌মে আরাআয়্‌তুম্ ইন্ কোন্তো আলা-বায়য়্যেনাতেম্ মের্‌রাব্বী আরাযাক্কানী

ভ্রাতৃগণ! তোমরা দেখিয়াছ কি আমি যদি আমার পালনকারীর সুস্পষ্ট পথের উপরে থাকি আর তিনি (অর্থাৎ আল্লাহ্) আমাকে রুজী প্রদান করিয়া থাকেন

مِنْهُ رِزْقًا حَسَنًا ط وَمَآ اُرِيْدُ اَنْ اُخَالِفَكُمْ اِلٰى مَآ اَنْهٰكُمْ

মেন্‌হো রেয্‌ক্কান্ হাছানান্, অমা— ওরীদো আন্ ওখা-লেফাকুম এলা- মা— আন্‌হা-কুম্

নিজ (অনুগ্রহ) হইতে উত্তম রুজী, (অর্থাৎ হালাল, তবে কি আমি এই পথকে ছাড়িয়া দিয়া তোমাদের মত হারামের রোজগার খাইতে লাগিয়া যাইব)? আর আমি (কখনই) ইচ্ছা করি না যে, আমি তোমাদের বিরুদ্ধতা করি সেই বিষয়ের দিকে যে আমি নিষেধ করিতেছি তোমাদিগকে

عَنْهُ ط اِنْ اُرِيْدُ اِلَّا الْاِصْلَاحَ مَا اسْتَطَعْتُ ط وَمَا تَوْفِيْقِيْٓ اِلَّا

আন্‌হো, ইন্ ওরীদো ইল্‌লাল্-এছ্‌লা-হা মাছ্‌তাতা'-তো অমা- তাওফীকী— ইল্‌লা-

উহা হইতে, আমি ত ইচ্ছা করি নিজের সাধ্যমত (লোকদিগের মধ্যে মা'-মেলা) সংশোধনের, আর (এই ইচ্ছায়) আমার সফলকাম হওয়া ত কেবল মাত্র

بِاللّٰهِ ط عَلَيْهِ تَوَكَّلْتُ وَاِلَيْهِ اُنِيْبُ ۝ وَيٰقَوْمِ

বেল্‌লা-হে, আলায়্‌হে তাঅক্‌কাল্‌তো অএলায়্‌হে ওনীব। অইয়্যা-ক্কাও্‌মে

আল্লারই (সাহায্য) দ্বারা সম্ভবপর, আমি ত তাঁহারই উপর ভরসা রাখি এবং (নিজেকে) তাঁহারই দিকে নিবদ্ধ করিতেছি। আর ভ্রাতৃগণ!

---

(১৬) উহাদের মতলব এই ছিল যে, তোমাদের শরিয়ত কি অনুমতি প্রদান করে না যে, তোমরা আমাদিগকে আমাদের অবস্থার উপর থাকিতে দাও! আর যেহেতু নামাজ শরিয়তের একটী দলীল, তজ্জন্য উহারা বিশেষ করিয়া নামাজের নামে বিদ্রূপ করিয়াছে। এখনও বহুলোক ঐরূপ ক্ষেত্রে বলিয়া বসে যে,—"হাঁ গো হাঁ! তুমিই একজন বড় নামাজী পরহেজগার।"

النصف

لَا يَجْرِمَنَّكُمْ شِقَاقِيْٓ اَنْ يُّصِيْبَكُمْ مِّثْلُ مَآ اَصَابَ قَوْمَ

লা- য়্যাজ্‌রেমান্‌নাকুম্ শেকা-কী— আঁই-ইয়োছীবাকুম্ মেছ্‌লো মা— আছ-বা ক্বাওমা

আমার বিরুদ্ধতা তোমাদের (প্রতি) কারণ (হইয়া) না দাঁড়ায় যে পৌঁছিয়া যায় তোমাদিগকে তদ্রূপ (বিপদ) যদ্রূপ বিপদ নূহের

نُوْحٍ اَوْ قَوْمَ هُوْدٍ اَوْ قَوْمَ صٰلِحٍ ط وَمَا قَوْمُ لُوْطٍ مِّنْكُمْ

নূহেন্ আও ক্বাওমা হূদেন আও ক্বাওমা ছা-লেহ্, অমা- ক্বাওমো লূতেম্ মেনকুম

কওম অথবা হূদের কওম কিম্বা ছালেহের কওমের উপর আসিয়াছিল, আর লূতের কওম ও) তোমাদের হইতে

بِبَعِيْدٍ ○ وَاسْتَغْفِرُوْا رَبَّكُمْ ثُمَّ تُوْبُوْٓا اِلَيْهِ ط اِنَّ رَبِّيْ رَحِيْمٌ

বেবায়ীদ্। অছ্‌তাগ্‌ফেরূ রাব্বাকুম্ ছোম্মা তূ-বূ—এলায়হে, ইন্না রাব্বী রাহীমোঁউ

দূরে নহে (তাহাদিগকে দেখিয়াও তোমরা শিক্ষা গ্রহণ করিতে পার)। (১৭) আর তোমরা তোমাদের পালনকারীর নিকটে (তোমাদের পশ্চাৎবর্ত্তী কালের গোনাহ্ সমূহের) ক্ষমা প্রার্থনা কর পুনশ্চ (ভবিষ্যতের জন্য) তাঁহারই নিকটে তাওবাহ্ কর, নিঃসন্দেহ আমার প্রতিপালক (অতিশয়) দয়ালু

وَّدُوْدٌ ○ قَالُوْا يٰشُعَيْبُ مَا نَفْقَهُ كَثِيْرًا مِّمَّا تَقُوْلُ وَاِنَّا

অদূদ্। ক্বালূ ইয়্যা-শোআয়্‌বো মা- মাফ্‌ক্বাহো কাছিরাম্ মেম্মা- তাকূলো অইন্না-

(এবং নিরতিশয়) স্নেহকারী। উহারা (অর্থাৎ শোআএবের কওম) বলিল হে শোআএব! যে সকল কথা তুমি বলিতেছ সেগুলির অধিকাংশই ত আমাদের জ্ঞানে আইসে না তাহা ছাড়া আমরা ত

لَنَرٰىكَ فِيْنَا ضَعِيْفًا ج وَلَوْلَا رَهْطُكَ لَرَجَمْنٰكَ ز وَمَآ اَنْتَ

লানারা-কা ফী-না- দয়ীফা-, অলাওলা- রাহ্‌তোকা লারাজ্বাম্‌না-কা, অমা— আন্তা

তোমাকে আমাদের (লোকদিগের) মধ্যে (খুবই) দুর্ব্বল পাইতেছি, আর যদি তোমার নিজ সম্প্রদায়ের লোক না থাকিত তাহা হইলে আমরা তোমাকে (কবে) ছঙ্গছার করিয়া বসিতাম, আর (তোমার সম্প্রদায়ভুক্ত লোক ছাড়া) তোমার ত

عَلَيْنَا بِعَزِيْزٍ ○ قَالَ يٰقَوْمِ اَرَهْطِيْٓ اَعَزُّ عَلَيْكُمْ

আলায়না- বেআযীয। ক্বালা ইয়্যা-কাওমে আরাহ্‌তী— আআয্‌যো আলায়কুম্

আমাদের উপর (কোনও প্রকারের) প্রভাব নাই। (শোআএব) উত্তর করিল—ভ্রাতৃগণ! তোমাদের কি আমার নিজ সম্প্রদায়ের (কথা) স্মরণ পড়িল

(১৭) আর এ-অর্থও হইতে পারে যে, লূতের কওমের যুগও তোমাদের হইতে বেশী দূরে নহে (হালেরই ব্যাপার), উহা হইতে তোমরা শিক্ষা গ্রহণ করিতে পার।

مِّنَ اللَّهِ ۖ وَاتَّخَذْتُمُوهُ وَرَاءَكُمْ ظِهْرِيًّا ۖ إِنَّ رَبِّي بِمَا

মেনাল্লা-হে, অত্তাখাজ্‌তোমূহো অরা—আকুম্‌ জেহ্‌রীয়্যা-, ইন্‌না রাব্বী বেমা-

আল্লাহ্‌ হইতে আগাইয়া, আর তোমরা আল্লাকে নিজেদের পৃষ্ঠপশ্চাতে নিক্ষেপ করিল, নিঃসন্দেহ আমার পালনকারীর (এল্‌ম-) বেষ্টনীর মধ্যে রহিয়াছে

تَعْمَلُونَ مُحِيطٌ ۝ وَيَا قَوْمِ اعْمَلُوا عَلَىٰ مَكَانَتِكُمْ إِنِّي عَامِلٌ ۖ

তা'-মালূনা মোহীত্‌। অইয়্যা-কাওমে'-মালূ আলা-মাকা-নাতেকুম্‌ ইন্‌নী আ'-মেলোন্‌,

(তৎসমস্তই) যাহা কিছু তোমরা করিতেছ। আর ভ্রাতৃগণ! তোমরা তোমাদের স্থানে আমল কর আমি (আমার স্থানে) আমল করিতেছি,

سَوْفَ تَعْلَمُونَ ۙ مَن يَأْتِيهِ عَذَابٌ يُخْزِيهِ وَمَنْ هُوَ كَاذِبٌ ۖ

ছাও্‌ফা তা'-লামূনা, মাঁয়্যা'-তীহে আজা-বোই ইয়োখ্‌যীহে অমান্‌ হোওয়া কা-জেবোন্‌,

শীঘ্রই তোমরা জানিতে পারিবে—কাহার প্রতি আজাব নাজেল হইতেছে যাহা (অর্থাৎ যে আজাব) তাহাকে (সকলের চক্ষে) অপদস্থ করিয়া দিবে এবং কোন ব্যক্তি মিথ্যুক,

وَارْتَقِبُوا إِنِّي مَعَكُمْ رَقِيبٌ ۝ وَلَمَّا جَاءَ أَمْرُنَا نَجَّيْنَا

অর্‌তাক্বেবূ— ইন্‌নী মাআকুম্‌ রাকীব। অলাম্‌মা- জ্বা—আ আম্‌রোনা- নাজ্জায়্‌না-

আর (সেই আজাব আগমন কালের) তোমরাও প্রতিক্ষায় থাক আমিও তোমাদের সঙ্গে প্রতীক্ষাকারী। আর যখন আমার (শাস্তির) নির্দ্দেশ আসিয়া পৌঁছিল তখন আমি রক্ষা করিলাম

شُعَيْبًا وَالَّذِينَ آمَنُوا مَعَهُ بِرَحْمَةٍ مِّنَّا وَأَخَذَتِ الَّذِينَ

শোআয়বাও্‌ অল্লাজীনা আ-মানূ মাআহূ বেরাহ্‌মাতেম্‌ মেন্‌না- অআখাজাতেল্লাজীনা

নিজের করুণায় শোআএবকে এবং সেই লোকদিগকে যাহারা উহার সহিত ঈমান আনিয়াছিল, আর তাহাদিগকে ধরিল যাহারা

ظَلَمُوا الصَّيْحَةُ فَأَصْبَحُوا فِي دِيَارِهِمْ جَاثِمِينَ ۝ كَأَن لَّمْ يَغْنَوْا

জালামোছ্‌ছায়্‌হাতো ফাআছ্‌বাহূ ফী দেয়্যা-রেহিম্‌ জ্বা-ছেমীন। কাআল্লাম্‌ য়্যাগ্‌নাও্‌

না-ফর্ম্মানী করিত ভীষণতর শব্দ(-এর আজাব) তখন তাহারা (যদ্রূপ) নিজেদের গৃহগুলিতে (বসিয়াছিল ঠিক তদ্রূপই বসিয়া) বসিয়াই রহিয়া গিয়াছিল। (আর ঘর বাড়ীগুলির এরূপ অবস্থা হইল) যেন উহাতে (কেহ কখনও)

فِيهَا ۗ أَلَا بُعْدًا لِّمَدْيَنَ كَمَا بَعِدَتْ ثَمُودُ ۝ وَلَقَدْ

ফী হা-, আলা- বো'-দাল্‌ লেমাদ্‌য়্যানা কামা- বাএদাৎ ছামূদ। ৪ অলাকাদ্‌

বসবাসই করে নাই, (হে লোক সকল! তোমরা) শুনিয়া (জানিয়া) রাখ যে যদ্রূপ ছমুদ আল্লার নিকট ধিৎকারিত হইয়াছিল মদ্‌য়্যান্‌(বাসী)ও (অনুরূপ) ধিৎকারিত। আর নিশ্চয়ই

৪ ৮/৮ রুকু

أَرْسَلْنَا مُوسَىٰ بِآيَاتِنَا وَسُلْطَانٍ مُّبِينٍ ۝ إِلَىٰ فِرْعَوْنَ

আর্‌ছাল্‌না- মূছা- বেআ-য়্যা-তেনা- অছোল্‌তা-নেম্‌ মোবীন ;—এলা- ফের্‌আওনা

আমি প্রেরণ করিয়াছিলাম মূছাকে (পয়গাম্বর করিয়া) আমার নিদর্শনাবলী এবং সুস্পষ্ট দলিলসহ ;—ফেরাউন

وَمَلَئِهِ فَاتَّبَعُوا أَمْرَ فِرْعَوْنَ ۖ وَمَا أَمْرُ فِرْعَوْنَ بِرَشِيدٍ ۝

অমালা-এহী ফাত্তাবাউ— আম্‌রা ফের্‌আও্‌না, অমা— আম্‌রো ফের্‌আও্‌না বেরাশীদ।

ও তাহার (দরবারস্থ) বিশিষ্ট ব্যক্তিগণ-এর দিকে, তখন লোক ফেরাউনের কথা মত চলিতে লাগিল, আর ফেরাউনের নির্দ্দেশ ত সঠিক ছিল না।

يَقْدُمُ قَوْمَهُ يَوْمَ الْقِيَامَةِ فَأَوْرَدَهُمُ النَّارَ ۖ وَبِئْسَ

য়্যাক্‌দোমো কাওমাহু য়্যাওমাল্‌ কেয়্যা-মাতে ফাআওরাদা হোমোন্‌না-র্‌, অবে'-ছাল্‌

কেয়ামত-দিবসে (ফেরাউন) তাহার কওমের অগ্রে অগ্রে থাকিবে অপিচ তাহাদিগকে দোজখে লইয়া দাখিল করিবে, আর (খুবই) কদর্য্য

الْوِرْدُ الْمَوْرُودُ ۝ وَأُتْبِعُوا فِي هَٰذِهِ لَعْنَةً وَيَوْمَ الْقِيَامَةِ ۚ

ভের্‌দোল্‌ মাওরূদ। অওৎবেউ ফী হা-জেহী লা'-নাতাঙ্‌ অয়্যাওমাল্‌ কেয়্যা-মাহ্‌,

মঞ্জেল যাহাতে (ইহারা যাইয়া) উপনীত হইবে। আর ইহাতেও (অর্থাৎ ইহজগতেও) উহাদের পশ্চাতে লা'নৎ লাগাইয়া দে'য়া হইয়াছে এবং কেয়ামত-দিবসেও—

بِئْسَ الرِّفْدُ الْمَرْفُودُ ۝ ذَٰلِكَ مِنْ أَنْبَاءِ الْقُرَىٰ نَقُصُّهُ

বে'-ছার্‌রেফ্‌দোল্‌ মার্‌ফুদ। জা-লেকা মেন্‌ আম্‌বা—এল্‌ কোরা- নাকোছ্‌ছোহূ

(নিতান্তই) কু-পুরস্কার রহিয়াছে যাহা (ইহাদিগকে) প্রদত্ত হইয়াছে। (হে নবি!) এই কতিপয় বস্তীর তথ্যাদি যাহা আমি বর্ণনা করিয়াছি

عَلَيْكَ ۖ مِنْهَا قَائِمٌ وَحَصِيدٌ ۝ وَمَا ظَلَمْنَاهُمْ وَلَٰكِنْ ظَلَمُوا

আলায়কা মেন্‌হা- কা—এমোঙ্‌ অহাছীদ। অমা- জালাম্‌না-হুম্‌ অলা-কেন্‌ জালামূ—

তোমার কাছে সেগুলির মধ্যের (কোন কোনটী ত এখনও পর্য্যন্ত) ঠিক রহিয়াছে আর (কোন কোনটী) উজাড় (হইয়াছে)। আর আমি উহাদের প্রতি (কোনও প্রকারের) জুলুম করি নাই বরং উহারা (আমার না-ফর্ম্মানী করতঃ) জুলুম করিয়াছে

أَنْفُسَهُمْ ۖ فَمَا أَغْنَتْ عَنْهُمْ آلِهَتُهُمُ الَّتِي يَدْعُونَ

আন্‌ফোছাহুম্‌ ফামা— আগ্‌নাৎ আনহুম্‌ আ-লেহাতোহোমোল্‌লাতী য়্যাদউনা

নিজেদের প্রতি নিজেরা, অতএব (হে নবি!) তখন যে সকল মা'বুদের ইহারা (আবশ্যক সময়ে) ডাকত

مِنْ دُوْنِ اللّٰهِ مِنْ شَيْءٍ لَّمَّا جَآءَ اَمْرُ رَبِّكَ ۚ وَمَا زَادُوْهُمْ

মেন্ দূনেল্লা-হে মেন্ শায়্এল্ লাম্মা- জ্বা—আ আম্‌রো রাব্বেক্, অমা- যা-দূ হুম্

আল্লার ছাড়া তাহারা ইহাদের কিছুই কাজে আসিল না যখন তোমার পালনকারীর (আজাবের) নির্দ্দেশ পৌছিল, বরং (উল্‌টা) ইহাদের

غَيْرَ تَتْبِيْبٍ ۝ وَكَذٰلِكَ اَخْذُ رَبِّكَ اِذَآ اَخَذَ الْقُرٰى

গায়্‌রা তাৎবীব। অকাজা-লেকা আখ্‌জো রাব্বেকা এজা— আখাজাল্ কোরা-

বরবাদীর কারণ দাঁড়াইল (যে তাহাদেরই পূজা-পাঠের দরুণ ইহাদের প্রতি আজাব নাজেল হইল)। আর (হে নবি !) তোমার পালনকারীর গ্রেফতারী এইরূপই হইয়া থাকে যখন বস্তীগুলিকে তিনি গ্রেফ্‌তা করেন

وَهِيَ ظَالِمَةٌ ۚ اِنَّ اَخْذَهٗٓ اَلِيْمٌ شَدِيْدٌ ۝ اِنَّ فِيْ ذٰلِكَ

অহেয়্যা জা-লেমাতোন্ ইন্না আখ্‌জাহু—আলীমোন্, শাদীদ। ইন্না ফী জা-লেকা

আর (সেই অবস্থায় যে) তাহা ছরকশী করিতে লাগে, নিঃসন্দেহ তাঁহার গ্রেফ্‌ত (অত্যন্ত) ব্যথাদায়ক (এবং অত্যন্ত) কঠোর। নিশ্চয় ইহার মধ্যে

لَاٰيَةً لِّمَنْ خَافَ عَذَابَ الْاٰخِرَةِ ۚ ذٰلِكَ يَوْمٌ

লাআ য়্যাতাল্ লেমান্ খা-ফা আজা-বাল্ আ-খেরাহ্, জা-লেকা য়্যায়্‌মোম্

সেই লোকের জন্য ছবক্ রহিয়াছে যে-ব্যক্তি পরকালের শাস্তির ভয় করে, পরকাল-দিবস সেই দিন

مَّجْمُوْعٌ لَّهُ النَّاسُ وَذٰلِكَ يَوْمٌ مَّشْهُوْدٌ ۝ وَمَا نُؤَخِّرُهٗٓ

মাজ্‌মূওল্ লাহুন্নাছো অজা-লেকা য়্যাওমোম্মাশ্‌হূদ। অমা- নোআখ্‌খেরোহু—

যে দিনে (সমস্ত) লোককে জড় করা হইবে আর পরকাল দিবস সেই দিন যে দিনে (সকলকেই আমার দরবারে) উপস্থিত করা যাইবে। আর আমি উহাকে (কোন বিশেষ কারণে) মুলতবী রাখিয়াছি

اِلَّا لِاَجَلٍ مَّعْدُوْدٍ ۚ يَوْمَ يَاْتِ لَا تَكَلَّمُ نَفْسٌ

ইল্লা- লেআজালেম্ মা'-দূদ। য়্যাওমা য়্যা'-তে লা- তাকাল্লামো নাফ্‌ছোন্

কেবল মাত্র এক গণিত সময়ের জন্য। যে-দিবস আসিয়া উপস্থিত হইবে (তখন ভয়ে) কোন ব্যক্তি কথা (পর্য্যন্ত) বলিতে পারিবে না

اِلَّا بِاِذْنِهٖ ۚ فَمِنْهُمْ شَقِيٌّ وَّسَعِيْدٌ ۝ فَاَمَّا الَّذِيْنَ شَقُوْا

ইল্লা- বেএজ্‌নেহী, ফামেন্‌হুম্ শাকীয়্যোঙ অছায়ীদ। ফাআম্মাল্লাজীনা শাকু

আল্লার হুকুম ছাড়া, তখন (লোকদিগের) কেহ কেহ দুর্ভাগ্যবান এবং (কেহ কেহ) সৌভাগ্যবান (হইবে)। অপিচ যাহারা দুর্ভাগ্যবান

فَفِى النَّارِ لَهُمْ فِيهَا زَفِيرٌ وَّشَهِيقٌ خٰلِدِينَ فِيهَا مَا دَامَتِ

ফাফেন্না-রে লাহুম্ ফী-হা- যাফীরোঙ্ অশাহীক্ব্। খা-লেদীন। ফী-হা- মা-দা-মাতেছ্

তাহারা দোজখে অবস্থান করিবে (এবং) উহাতে (অর্থাৎ দোজখে) তাহাদের চীৎকার মিঁহি শব্দে ও মোটা শব্দে হইবে। (আর সে-পর্য্যন্ত চির) চিরকাল উহাতেই (অর্থাৎ দোজখেই) থাকিবে

السَّمٰوٰتُ وَالْاَرْضُ اِلَّا مَا شَآءَ رَبُّكَ ط اِنَّ رَبَّكَ

ছামা-ওয়া-তো অল্-আর্দো ইল্লা- মা-শা—আ রাব্বোকা, ইন্না রাব্বাকা

যে-পর্য্যন্ত আছমান ও জমীন (ঠিক) থাকে (১৮) কিন্তু (হে নবি!) যাহা(কে) তোমার পালনকারী (মুক্তি দিতে) ইচ্ছা করেন, নিশ্চয় তোমার পালনকারী

فَعَّالٌ لِّمَا يُرِيدُ ○ وَاَمَّا الَّذِينَ سُعِدُوا فَفِى الْجَنَّةِ

ফা'-আ-লোল্ লেমা- ইয়োরীদ। অআম্মাললাজীনা ছোএদূ ফাফেল্ জান্নাতে

যাহা (তাঁহার) ইচ্ছা (তাহাই) করিয়া থাকেন। আর যাহারা সৌভাগ্যবান তাহারা বেহেশ্তবাসী হইবে

خٰلِدِينَ فِيهَا مَا دَامَتِ السَّمٰوٰتُ وَالْاَرْضُ اِلَّا مَا شَآءَ

খা-লেদীনা ফী-হা- মা- দা-মাতেছ্ছামা-ওয়াতো অল্-আর্দো ইল্লা- মা-শা---আ

(আর) যে-পর্য্যন্ত আছমান ও জমীন (ঠিক) থাকে (সে পর্য্যন্ত চির) চিরকাল উহাতেই (অর্থাৎ বেহেশ্তেই) থাকিবে কিন্তু (হে নবি!) যাহা(কে) ইচ্ছা করেন

رَبُّكَ ط عَطَآءً غَيْرَ مَجْذُوذٍ ○ فَلَا تَكُ فِى مِرْيَةٍ مِّمَّا

রাব্বোকা, আতা—আন্ গ্বায়্রা মাজ্জূজ। ফালা- তাকো ফী মের্য়্যাতেম্ মেম্মা-

তোমার পালনকারী (শাস্তি দান করতঃ বিলম্বে বেহেশ্তে দাখিল করিবেন), (এই বেহেশ্ত আল্লারই) অনুগ্রহের দান যাহারা (অর্থাৎ যে-বেহেশ্তের কখনও) বিনষ্ট নাই। অতএব (হে নবি!) তুমি কোন প্রকারের সন্দেহে পড়িও না তাহার সম্বন্ধে (১৯) ইহারা (অর্থাৎ মোশ্রেকগণ) যাহাদের (যে বোৎগণের)

يَعْبُدُ هٰٓؤُلَآءِ ط مَا يَعْبُدُونَ اِلَّا كَمَا يَعْبُدُ اٰبَآؤُهُمْ

য়্যা'-বোদো হা---উলা---এ, মা-য়্যা--বোদূনা ইল্লা- কামা- য়্যা'-বোদো আ-বা---ওহুম্

পূজা-পাঠ করিতেছে, ইহারাও (ঠিক) তদ্রূপই পূজা-পাঠ (না বুঝিয়া সুঝিয়া) করিতেছে যদ্রূপ পূজা-পাঠ (না বুঝিয়া সুঝিয়া) ইহাদের পিতা পিতামহগণ করিত

---

(১৮) "যে-পর্য্যন্ত আছমান ও জমীন (ঠিক) থাকে" ইহা আমাদের প্রচলিত কথারই অনুরূপ ফর্ম্মাইয়াছেন। ইহার মর্ম্ম হইতেছে "সর্ব্বদাই"।

(১৯) মানব-স্বভাবের দরুণ তুমি সন্দিহান না হও যে, কেন এত অধিক বোৎপূজা হইতেছে, এত অধিক সংখ্যক লোক এই ভুল কাজে কি প্রকারে একমত হইল। আল্লাহ্ অগ্রে বুঝাইয়া দিয়াছেন—এ সমস্ত লোক মেষপালের মত একে অন্যের অন্ধ তক্লীদ করিয়া আসিয়াছে।

৫
৯
৯
রুকূ

مِّن قَبْلُ ۚ وَإِنَّا لَمُوَفُّوهُمْ نَصِيبَهُمْ غَيْرَ مَنقُوصٍ ۝ وَلَقَدْ

মেন্ কাব্‌লো, অইন্না- লামোঅফ্‌ফুহুম্ নাছীবাহুম্ খায়্‌রা মানকুছ ৎ। অলাকাদ্

অগ্র হইতে, আর নিশ্চয় আমি (অর্থাৎ আল্লাহ্ কেয়ামত-দিবসে আজাব হইতে) ইহাদের হিস্‌সা ইহাদিগকে বিনা কমিতে পূরা পূরা পৌঁছিয়া দিব। আর অবশ্য নিশ্চয়ই

آتَيْنَا مُوسَى الْكِتَابَ فَاخْتُلِفَ فِيهِ ۚ وَلَوْلَا كَلِمَةٌ سَبَقَتْ

আ-তায়্‌না- মূছাল্ কেতা-বা ফাখ্‌তোলেফা ফী-হে, অলাও্‌লা- কালেমাতোন্ ছাবাকাৎ

আমি মূছাকে (তওরাত) গ্রন্থ প্রদান করিয়াছিলাম তখন লাগিল লোক উহাতে মতভেদ করিতে, আর (হে নবি!) যদি একটী কথা অগ্র হইতে না হইয়া থাকিত

مِن رَّبِّكَ لَقُضِيَ بَيْنَهُمْ ۚ وَإِنَّهُمْ لَفِي شَكٍّ مِّنْهُ مُرِيبٍ ۝

মের্‌রাব্বেকা লাকোদেয়্যা বায়্‌নাহুম্, অইন্নাহুম্ লাফী শাক্কেম্ মেন্‌হো মোরীব।

তোমার পালনকারীর পক্ষ হইতে (যে কেয়ামতে নিশ্চয় ফয়ছালা হইবে) তাহা হইলে লোকদিগের মধ্যে (অগ্রেই তাহাদের মতভেদগুলির) ফয়ছালা করিয়া দেওয়া হইত, আর ইহারা (অর্থাৎ মক্কায় কাফেরগণও) কোরআনের দিক দিয়া এরূপ সন্দেহে (পড়িয়া) রহিয়াছে যাহা (ইহাদিগকে) হয়রান করিয়া রাখিয়াছে।

وَإِنَّ كُلًّا لَّمَّا لَيُوَفِّيَنَّهُمْ رَبُّكَ أَعْمَالَهُمْ ۚ

অইন্না- কোল্‌লাল্‌লাম্মা- লাইয়্যোঅফ্‌ফেয়্যান্নাহুম্ রাব্বোকা আ-মা-লাহুম্,

আর (হে নবি!) নিশ্চয়ই ইহাদের প্রত্যেকে যখন যাইবে তাঁহার হুজুরে তোমার পালনকারী (ইহাদিগকে তখন) ইহাদের কার্য্যাবলীর বিনিময়) অবশ্যই পূরা পূরা দিবেন,

إِنَّهُ بِمَا يَعْمَلُونَ خَبِيرٌ ۝ فَاسْتَقِمْ كَمَا أُمِرْتَ وَمَن تَابَ

ইন্নাহু বেমা- য়্যা'-মালুনা- খাবীর। ফাছ্‌তাক্কেম্ কামা--- ওমের্‌তা অমান্ তা-বা

কারণ যদ্রূপ যদ্রূপ কার্য্য ইহারা করিতে রহিয়াছে তিনি তাহা (সমস্তই) জানান। অতএব (হে নবি!) তুমি (নিজে দীন-এছলামের উপর) মজবুত থাকিবে যদ্রূপ তোমাকে নির্দ্দেশ দান করা গিয়াছে আর যে ব্যক্তি (শের্ক ও কুফরী হইতে) তাওবাহ্ করিয়া

مَعَكَ وَلَا تَطْغَوْا ۚ إِنَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ۝ وَلَا تَرْكَنُوا

মাআকা অলা তাৎগাও, ইন্নাহূ বেমা- তা'-মালুনা বাছীর। অলা- তার্‌কানূ--

তোমার সঙ্গী (হইয়া) রহিয়াছে এবং ছরকশী করিবে না, নিঃসন্দেহ যাহা কিছুই তোমরা করিতেছ আল্লাহ্ (তাহা) দেখিতেছেন। আর (হে মুছলমানগণ!) তোমরা ঝুঁকিও না

إِلَى الَّذِينَ ظَلَمُوا فَتَمَسَّكُمُ النَّارُ وَمَا لَكُم مِّن دُونِ اللَّهِ

এলাল্লাজীনা জালামূ ফাতামাছ্‌ছাকোমোন্না-রো, অমা- লাকুম্ মেন্ দূনেল্লা-হে

তাহাদের দিকে যাহারা (আমার) না-ফর্ম্মানী করিত অন্যথায় (দোজখের) আগুন তোমাদিগকে স্পর্শ করিবে, আর আল্লার ছাড়া (যখন) তোমাদের

مِنْ اَوْلِيَاۤءَ ثُمَّ لَا تُنْصَرُوْنَ ۝ وَاَقِمِ الصَّلٰوةَ طَرَفَيِ

মেন্ আওলেয়্যা---আ ছোম্মা লা- তোন্‌ছারুন। অআকেমেছ্‌ছালা-তা তারাফায়েন্

কেহ বন্ধু নাই তখন (না-ফর্ম্মানীর দিকে ঝুকিয়া পড়া অবস্থার মধ্যে তাঁহার দিক হইতে) তোমাদের (কোনই) সাহায্য মিলিবে না। আর (হে নবি !) তুমি নামাজ পড় দিবসের

النَّهَارِ وَزُلَفًا مِّنَ الَّيْلِ ط اِنَّ الْحَسَنٰتِ يُذْهِبْنَ السَّيِّاٰتِ ط

নাহা-রে অযোলাফাম্ মেনাল্লায়লে, ইন্নাল্ হাছানা-তে ইয়োজ্‌হেব্‌ নাছ্‌ছায়্যেআ-তে,

দুইদিকে (অর্থাৎ প্রত্যুষে ও সন্ধ্যায়) এবং কয়েক দণ্ড রাত্রে (অর্থাৎ রাত্রের প্রথম ভাগে) কারণ সৎকার্য্যাবলী পাপসমূহকে দূর করিয়া দেয়

ذٰلِكَ ذِكْرٰى لِلذّٰكِرِيْنَ ۝ وَاصْبِرْ فَاِنَّ اللّٰهَ لَا يُضِيْعُ

জা-লেকা জেক্‌রা- লেজ্‌জা-কেরীন। অছ্‌বের্ ফাইন্নাল্লা-হা লা- ইয়োদীয়ো

যাহারা (আল্লার) জেকেরকারী তাহাদের জন্য ইহা (অর্থাৎ আমার এই নির্দ্দেশ একপ্রকার) উপদেশ। আর (হে নবি !) তুমি (পুণ্যকার্য্যের কষ্টকে সন্তুষ্ট মনে) সহ্য কর কারণ আল্লাহ নষ্ট হইতে দেন না

اَجْرَ الْمُحْسِنِيْنَ ۝ فَلَوْلَا كَانَ مِنَ الْقُرُوْنِ مِنْ قَبْلِكُمْ اُولُوْا

আজ্‌রাল্ মোহ্‌ছেনীন। ফালাওলা- কা-না মেনাল্ কোরুনে মেন্ কাব্‌লেকুম্ উলু

পুণ্যাত্মাদিগের ফলকে। অপিচ যে সকল ওম্মত তোমাদের অগ্রে গত হইয়া গিয়াছে তাহাদের মধ্যে (এতটা) জ্ঞানবান কেন হয় নাই

بَقِيَّةٍ يَّنْهَوْنَ عَنِ الْفَسَادِ فِى الْاَرْضِ اِلَّا قَلِيْلًا مِّمَّنْ

বাকীয়্যাতেই য়্যান্‌হাওনা আনেল্ ফাছা-দে ফেল্-আরদে ইল্লা- কালীলাম্ মেম্মান্

যে (লোকদিগকে) দেশে কলহ বিস্তার হইতে নিষেধ করিত (এরূপ লোক ছিল ত নিশ্চয়ই) কিন্তু সামান্যই (আর ইহারা সেই লোক ছিল) যাহাদিগকে

اَنْجَيْنَا مِنْهُمْ ج وَاتَّبَعَ الَّذِيْنَ ظَلَمُوْا مَاۤ اُتْرِفُوْا فِيْهِ وَكَانُوْا

আন্‌জায়না- মেন্‌হুম্, অত্তাবাআল্লাজীনা জালামু মা--- ওৎরেফু ফী-হে অকা-নু

আমি উহাদের মধ্য হইতে বাঁচাইয়া লইয়া ছিলাম, আর তাহারা পশ্চাতে লাগিয়া ছিল তাহাদেরই যাহারা না-ফর্ম্মানী করিয়া ছিল সেই জিনিষের যে উহার মধ্যে ধন-সম্পদ প্রদত্ত হইয়া ছিল আর ইহারা ছিল

مُجْرِمِيْنَ ۝ وَمَا كَانَ رَبُّكَ لِيُهْلِكَ الْقُرٰى بِظُلْمٍ

মোজ্‌রেমীন। অমা কা-না রাব্বোকা লেইয়োহ্‌লেকাল্-কোরা- বেজোল্‌মেও

কদাচারী। আর (হে নবি !) তোমার পালনকারী এরূপ (অবিচারক) নহেন যে বস্তীগুলিকে অন্যায়ভাবে ধ্বংস করেন

وَأَهْلُهَا مُصْلِحُونَ ۝ وَلَوْ شَاءَ رَبُّكَ لَجَعَلَ النَّاسَ أُمَّةً

অআহ্‌লোহা- মোছ্‌লেহুন। অলাও্ শা—আ রাব্বোকা লাজ্বাআলান্‌না-ছা ওম্মাতাঙ্

অথচ সেই বস্তীর বাসিন্দারা নেককার হয়। আর (হে নবি!) যদি তোমার পালনকারী ইচ্ছা করিতেন তবে (তিনি) লোকদিগকে একই ওম্মতভুক্ত করিয়া দিতেন

وَاحِدَةً وَلَا يَزَالُونَ مُخْتَلِفِينَ ۝ إِلَّا مَنْ رَحِمَ رَبُّكَ ۚ

ওয়া-হেদাতাঙ্ অলা- য়্যাযা-লূনা মোখ্‌তালেফীন ;—ইল্‌লা- মার্রাহেমা রাব্বোকা,

আর লোক চিরকালই (পরস্পর) মতভেদ করিতে থাকিবে ;—কিন্তু যাহার প্রতি তোমার পালনকারী কৃপা করেন,

وَلِذَٰلِكَ خَلَقَهُمْ ۗ وَتَمَّتْ كَلِمَةُ رَبِّكَ لَأَمْلَأَنَّ جَهَنَّمَ

অলেজা-লেকা খালাক্বাহুম্, অতাম্মাৎ কালেমাতো রাব্বেকা লাআম্‌লাআন্না জাহান্নামা

আর এই জন্যই ত (তিনি) উহাদিগকে সৃষ্টি করিয়াছেন, আর (এই মতভেদের কারণেই ত) তোমার পালনকারীর (দত্ত) আদেশ পূরা হইল যে আমি দোজখ ভর্ত্তি করিব

مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ أَجْمَعِينَ ۝ وَكُلًّا نَقُصُّ عَلَيْكَ مِنْ

মেনাল্ জেন্নাতে অন্‌না-ছে আজ্‌মায়ীন। অকোল্লান্ নাক্বোছ্‌ছো আলায়্‌কা মেন্

জেন এবং মানুষ সকলের দ্বারা। আর (হে নবি! অন্যান্য) পয়গাম্বরগণের ঘটনাবলী আমি তোমার কাছে বর্ণনা করিতেছি

أَنْبَاءِ الرُّسُلِ مَا نُثَبِّتُ بِهِ فُؤَادَكَ ۚ وَجَاءَكَ فِي هَٰذِهِ

আম্‌বা—এর্‌রোছোলে মা- নোছাব্বেতো বেহী ফোআ-দাকা, অজ্বা—আকা ফী হা-জেহেল্-

সেগুলির দ্বারা আমি তোমার অন্তঃকরণে সান্ত্বনা প্রদান করিতেছি, আর এই ইহাতে (এক ত যাহা) হক কথা (ছিল তাহা) তোমার কাছে পৌছিয়াছে

الْحَقُّ وَمَوْعِظَةٌ وَذِكْرَىٰ لِلْمُؤْمِنِينَ ۝ وَقُلْ لِلَّذِينَ

হাক্‌কো অমাও্‌এজাতোঙ্ অজেক্‌রা- লেল্-মো'-মেনীন। অকোল্ লেল্লাজীনা

এবং উপদেশ ও স্মরণ করাইয়া দেওয়াও (রহিয়াছে) মুছলমানদিগের জন্য। আর (হে নবি! তুমি তাহাদিগকে) বল

لَا يُؤْمِنُونَ اعْمَلُوا عَلَىٰ مَكَانَتِكُمْ إِنَّا عَامِلُونَ ۝ وَانْتَظِرُوا ۚ

লা- ইয়্যো'-মেনূনা'-মালূ আলা- মাকা-নাতেকুম্ ইন্‌না- আ-মেলূনা ;—অন্তাজেরু,

যাহারা ঈমান আনিতেছে না—তোমরা তোমাদের স্থলে আমল কর আমরা (মুছলমানগণ আমাদের স্থলে) আমল করিতেছি ;—আর তোমরা (আল্লার হুকুমের) প্রতীক্ষায় থাক,

৮০

إِنَّا مُنْتَظِرُوْنَ ۝ وَلِلّٰهِ غَيْبُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَاِلَيْهِ

ইন্‌না- মোন্তাজেরূন। অলেল্লা-হে গায়্‌বোছছামা-ওয়া-তে অল্‌-আর্‌দে অএলায়্‌হে

আমরা (মুছলমানগণ)ও প্রতীক্ষায় রহিয়াছি। আর আছমান ও জমীনে যাহা গুপ্ত রহিয়াছে তৎসমূহের এল্‌ম্‌ আল্লারই রহিয়াছে আর তাঁহারই দিকে যাইয়া দাঁড়ায়

يُرْجَعُ الْاَمْرُ كُلُّهٗ فَاعْبُدْهُ وَتَوَكَّلْ عَلَيْهِ ط وَمَا

ইয়্যোর্‌জাওল্‌ আম্‌রো কোল্লোহূ ফা'-বোদ্‌হো অতাঅক্‌কাল্‌ আলায়্‌হে, অমা-

প্রত্যেক কার্য্য(-এর ফয়ছালা অবশেষে) অতএব (হে নবি !) তাঁহারই এবাদত কর এবং তাঁহারই উপর ভরসা রাখ, আর যাহা কিছু তোমরা করিতে রহিয়াছ (হে নবি !) নহেন

رَبُّكَ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ۝ ع

রাব্বোকা বেগা-ফেলেন্‌ অম্মা তা'-মালূন। ৫

তোমার পালনকারী তাহা হইতে গাফেল।

ع ১০/১০ রুকু

ছুরা—ইউছোফ মক্কায় নাজেল হয়	بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۝ বিছ্‌মিল্লা-হির্‌রাহ্‌মা-নির্‌রাহীম্‌। অতি দয়াবান পরম কৃপালু আল্লা'র নামে।	এই ছুরায় ১২শ রুকু এবং ১১১ আয়ত।

الٓرٰ قف تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ الْمُبِيْنِ ۝ قف اِنَّا

আলেফ্‌-লা—ম্‌-রা, তেল্‌কা আ-য়্যা-তোল্‌ কেতা-বেল্‌ মোবীন। ইন্‌না—

আলেফ-লা—ম্‌-রা-, ইহা (অর্থাৎ এই ছুরা) সুস্পষ্ট গ্রন্থের (অর্থাৎ কোরআনের) কতিপয় আয়ত। (১) আমি

اَنْزَلْنٰهُ قُرْاٰنًا عَرَبِيًّا لَّعَلَّكُمْ تَعْقِلُوْنَ ۝ نَحْنُ

আন্‌যাল্‌না-হো কোর্‌আ-নান্‌ আরাবীয়্যাল্‌ লাআল্লাকুম্‌ তা'-কেলূন। নাহ্‌নো

এই কোরআনকে (এজন্য) আরবী ভাষায় অবতরণ করিয়াছি যাহাতে তোমরা (অর্থাৎ আরববাসীগণ এই কোরআনকে ভালমতে) বুঝিতে সক্ষম হও তোমাদের মাতৃভাষা আরবী হওয়ার কারণে এই কোরআনকে (এবং তোমাদের দ্বারায় অন্যান্য লোক বুঝিতে পারে)। (হে নবি !) আমি

نَقُصُّ عَلَيْكَ اَحْسَنَ الْقَصَصِ بِمَا اَوْحَيْنَا اِلَيْكَ هٰذَا

নাকোছ্‌ছো আলায়্‌কা আহ্‌ছানাল্‌ কাছাছে বেমা— আও্‌হায়্‌না— এলায়্‌কা হা-জাল্‌

তোমাকে একটী উত্তম হইতে উত্তম কেচ্ছা শুনাইতেছি যাহা আমি তোমার দিকে অহী করিয়াছি এই

---

(১) কোরআনকে ইহা দ্বারা সুস্পষ্ট বর্ণনা করিয়াছেন যে, ইহার মর্ম্ম যুক্তিযুক্ত এবং সাধারণবোধ্য।

الْقُرْاٰنَ ۖۗ وَاِنْ كُنْتَ مِنْ قَبْلِهٖ لَمِنَ الْغٰفِلِيْنَ ۝ اِذْ قَالَ

কোর্আ-না, অইন্ কোন্তা মেন্ কাব্‌লেহী লামেনাল্ গা-ফেলীন। এজ্ কা-লা

কোরআন প্রেরণ করতঃ, আর তুমি ইহার (অর্থাৎ কোরআন নাজেল হওয়ার) অগ্রে (এ সকল বিষয়ে) নিশ্চয়ই কিছুই জানিতে না। (সেই এক সময় ছিল) যখন বলিয়া ছিল

يُوْسُفُ لِاَبِيْهِ يٰۤاَبَتِ اِنِّىْ رَاَيْتُ اَحَدَ عَشَرَ كَوْكَبًا

ইউ্ছোফো লেআবীহে ইয়্যা—আবাতে ইন্নী রাআয়্‌তো আহাদা আশারা কাও্কাবাঙ্

ইউছুফ নিজের পিত (ইয়াকুব)কে যে হে পিতঃ! আমি (স্বপ্নে) দেখিয়াছি একাদশ নক্ষত্র

وَّالشَّمْسَ وَالْقَمَرَ رَاَيْتُهُمْ لِىْ سٰجِدِيْنَ ۝ قَالَ يٰبُنَىَّ

অশশাম্‌ছা অল্-কামারা রাআয়্‌তোহুম্ লী ছা-জ্বেদীন। কা-লা ইয়্যা-বোনায়্য়্যা

এবং সূর্য্য ও চন্দ্রকে আমি দেখিলাম যে উহারা সকলে আমাকে ছেজ্‌দাহ করিতেছে। (ইয়াকুব) বলিল হে আমার (কনিষ্ঠ) পুত্র

لَا تَقْصُصْ رُءْيَاكَ عَلٰۤى اِخْوَتِكَ فَيَكِيْدُوْا لَكَ كَيْدًا ؕ

লা- তাক্‌ছোছ্ রো'-য়্যা-কা আলা— এখ্‌অতেকা ফায়্যাকীদূ লাকা কায়্‌দা-,

তুমি যেন তোমার স্বপ্ন-কথা তোমার ভ্রাতাগণকে বলিও না (উহারা শুনিতে পাইলে) তোমাকে (কোন না কোন) বিপদে ফাঁসাইবার তদ্‌বীর করিতে লাগিয়া যাইবে,

---

اِنَّ الشَّيْطٰنَ لِلْاِنْسَانِ عَدُوٌّ مُّبِيْنٌ ۝ وَكَذٰلِكَ يَجْتَبِيْكَ

ইন্নাশ্‌শায়্‌তা-না লেল্-এন্‌ছা-নে আদূভোম্ মোবীন। অকাজা-লেকা য়্যাজ্‌তাবীকা

নিঃসন্দেহ শয়তান মানুষের প্রকাশ্য শত্রু (শয়তান উহাদিগকে দাগা না দিয়া চুপ থাকিবে না) আর এই ভাবেই তোমাকে মনোনীত করিবেন

رَبُّكَ وَيُعَلِّمُكَ مِنْ تَاْوِيْلِ الْاَحَادِيْثِ وَيُتِمُّ نِعْمَتَهٗ

রাব্বোকা অইয়্যোআল্লেমোকা মেন্ তা-ভীলেল্ আহা-দীছে অইয়্যোতেম্মো নে'-মাতাহূ

তোমার পালনকারী এবং তোমাকে (তিনি) স্বপ্ন বিষয়ের বৃত্তান্ত শিক্ষা দিবেন আর (আল্লাহ্ সেইরূপই) পূর্ণ করিবেন নিজের নে'মাতকে

عَلَيْكَ وَعَلَىٰ آلِ يَعْقُوبَ كَمَا أَتَمَّهَا عَلَىٰ أَبَوَيْكَ

আলায়কা অআলা— আ-লে য়্যা'-ক্বূবা কামা— আতাম্মাহা- আলা— আবাঅয়্কা

তোমার প্রতি এবং ইয়াকুবের (অর্থাৎ আমার) বংশের প্রতি যদ্রূপ পূর্ণ করিয়া ছিলেন (তিনি তাঁহার নে'মাতকে তোমার পিতামহ-প্রপিতামহের

مِن قَبْلُ إِبْرَاهِيمَ وَإِسْحَاقَ ۚ إِنَّ رَبَّكَ عَلِيمٌ حَكِيمٌ ۞ لَّقَدْ

মেন্ ক্বাব্লো এবরা-হীমা অএছ্হা-ক্ব, ইন্না রাব্বাকা আলীমোন্ হাকীম। ৫ লাক্বাদ্

